**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Programme 5th Semester Examination, 2022-23

## BNGGDSE02T-BENGALI (DSE1B)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

### একক - ১

(ক) 'বীরাঙ্গনা' কাব্যটির নামকরণ কতখানি সার্থক হয়েছে আলোচনা করো। ১০

অথবা

(খ) 'দশরথের প্রতি কেকয়ী' পত্রটিতে কেকয়ী চরিত্রটি এক প্রতিবাদী নারীচরিত্র হয়ে উঠেছে – বিশ্লেষণ করে দেখাও। ১০

### একক - ২

(গ) 'পুনশ্চ' কাব্যের 'তীর্থযাত্রী' কবিতাটি কার, কোন্ ইংরেজি কবিতা অনুসরণে রচিত ? এই কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। ২+৮

অথবা

(ঘ) 'সাধারণ মেয়ে' কবিতায় মালতীর ট্র্যাজেডি নিজের ভাষায় বিশ্লেষণ করো। ১০

### একক - ৩

(ঙ) 'দারিদ্র্য' কবিতাটিতে নজরুলের কবি-মানসিকতার প্রকাশ কীভাবে ঘটেছে তা ব্যাখ্যা করো। ১০

অথবা

(চ) 'বিদ্রোহী' কবিতায় আত্মজাগরণের চিত্রটি যেভাবে পরিস্ফুট হয়েছে — তা আলোচনা করো। ১০

### একক - ৪

(ছ) বাংলার প্রকৃতি 'রূপসী বাংলা'-র কবিতাগুলিতে যেভাবে প্রস্ফুটিত হয়ে উঠেছে তার বিবরণ দাও। ১০

অথবা

(জ) 'আবার আসিব ফিরে' কবিতায় জন্মান্তরে কবি কোন্ কোন্ রূপে বাংলায় ফিরে আসতে চেয়েছেন সেগুলি আলোচনা করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০

(ক) ‘কলঙ্কী শশাঙ্ক, তোমা বলে সর্ব্ব জনে।
কর আসি কলঙ্কিনী কিঙ্করী তারারে।’
— কোন্ পত্রিকা থেকে উদ্ধৃত হয়েছে ? কে, কাকে উদ্দেশ্য করে উক্তিটি করেছে ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+২+২

(খ) ‘আজ আমি পরব শুচিবস্ত্র তোমার হাতে,/আমার লজ্জা যাবে দূর হয়ে।’ — কোন্ কবিতার অংশ ? প্রসঙ্গ নির্দেশ করে তাৎপর্য বিচার করো। ১+৪

(গ) ‘বড় কথা, বড় ভাব আসে’ না ক’ মাথায়, বন্ধু, বড় দুখে ..........’ কবি ও কবিতার নাম উল্লেখ করে কবির এই আক্ষেপের কারণ ব্যক্ত করো। ১+১+৩

(ঘ) ‘চেয়ে দেখি ছাতার মতন বড় পাতাটির নিচে বসে আছে’ — বড় পাতাটির নিচে কী বসে আছে ? কবিতাটিতে গ্রাম-বাংলার বৃক্ষ ও পাখিদের যে নামগুলি উল্লিখিত হয়েছে তা লেখো। ১+৪